


স্মারক নং: প্রশা:/টিইউ/২০২৬/৯৯৯৯...

তারিখ: ০৪/০৪/২০২৬ খ্রি.

বিজ্ঞপ্তি

এতদ্বারা ইউনিভার্সিটির সকল শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী এবং ছাত্র-ছাত্রীর অবগতির জন্য জানানো যাচ্ছে যে, দেশে চলমান জ্বালানি সংকটের পরিপ্রেক্ষিতে ০২ এপ্রিল-২০২৬ তারিখ বৃহস্পতিবার মন্ত্রিপরিষদের সিদ্ধান্ত অনুযায়ী এবং সূত্র স্মারক নং: জনপ্রশাসন মন্ত্রণালয়: ০৫.০০.০০০০.১৭৩.০৮.০০৪.১০.৩১, তারিখ: ০৪/০৪/২০২৬ মোতাবেক সরকারি-বেসরকারি সব অফিস সকাল ৯ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত নির্ধারণ করা হয়েছে। উক্ত সিদ্ধান্ত মোতাবেক আগামী ০৫/০৪/২০২৬ তারিখ রোববার থেকে অত্র ইউনিভার্সিটির সকল অফিস এবং একাডেমিক কার্যক্রম সকাল ৯ টা থেকে বিকেল ৪ টা পর্যন্ত এবং সাপ্তাহিক ছুটি শুক্রবার ও শনিবার নির্ধারণ করা হলো। তবে ইতিমধ্যে জারীকৃত মিডটার্ম পরীক্ষা সমূহ যথারীতি রুটিন মোতাবেক চলবে। খন্ডকালীন শিক্ষার্থীদের শিক্ষা কার্যক্রম বিষয়ে বিভাগীয় প্রধানগণ প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করবেন।



০৪/০৪/২০২৬
মুঃ আতিউর রহমান
রেজিস্ট্রার
তিস্তা ইউনিভার্সিটি
রংপুর

স্মারক নং: প্রশা:/টিইউ/২০২৬/৯৯৯৯/(০৯)

তারিখ: ০৪/০৪/২০২৬ খ্রি.

অনুলিপি বিতরণ (প্রযোজ্য ক্ষেত্রে):

- ০১। ট্রেজারার, টিইউ;
- ০২। প্রক্টর, টিইউ;
- ০৩। উপদেষ্টা (ছাত্র কল্যাণ), টিইউ;
- ০৪। প্রভোস্ট, তিস্তা ইউনিভার্সিটি স্টুডেন্টস হল (ছাত্র), টিইউ;
- ০৫। সকল বিভাগ/অফিস....., টিইউ;
- ০৬। পিএস টু ভিসি, ভিসি মহোদয়ের সদয় অবগতির জন্য, টিইউ;
- ০৭। পিআরও, বোর্ড অব ট্রাস্টিজ-এর সম্মানিত সদস্যদের সদয় অবগতির জন্য, টিইউ;
- ০৮। নথি, টিইউ;
- ০৯। সকল নোটিশ বোর্ড, টিইউ;


০৪/০৪/২০২৬
সেকশন অফিসার
রেজিস্ট্রার কার্যালয়